

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৬.১৭-৫৯

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৪  
২৫ ফেব্রুয়ারি ২০১৮

আদেশ

যেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম, প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর (বর্তমানে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসংগিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে জনাব জওহর লাল রায়, ক্যাশিয়ার, কৃষি ব্যাংক, তিস্তা ব্রাঞ্চ, রংপুর-কে শিক্ষক না হওয়া সত্ত্বেও পদায়ন এবং এখতিয়ার বহির্ভূতভাবে ১৭ জন পুল শিক্ষককে রংপুর হতে লালমনিরহাট জেলায় পদায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম, প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর (বর্তমানে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।


২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-  
২৫.০২.১৮  
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)  
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৬.১৭-৫৯

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৪  
২৫ ফেব্রুয়ারি ২০১৮

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর/চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর/বান্দরবান।
- ৭। জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান।
- ৮। অফিস কপি।

  
(সুলতানা রাজিয়া)  
উপ-সচিব  
ফোন-৯৫৭৬৬৯১